খানাকুলে নাবালিকার বিয়ে বন্ধ করল প্রশাসন

নিজস্ব সংবাদদাতা, খানাকুল ঃ এক নাবালিকার বিয়ে রুখল প্রশাসন। মঙ্গলবার রাতে খবর পেয়ে পুলিশ হানা দিয়ে এই বিয়ে বন্ধ করে দেয়। ঘটনা খানাকুলের জগন্নাথপুর এলাকার। জানা গেছে, খানাকুলের জগন্নাথপুরের বাসিন্দা শ্রীকান্ত সামন্ত তার নাবালিকা মেয়ে সুষমা সামন্তের বিয়ের সব ঠিকঠাক করে ফেলেন। সেই মত মঙ্গলবার বাড়িতে বিয়ের সমস্ত আয়োজনও করে ফেলা হয়। এমনকি নিমন্ত্রিত অতিথিরাও এসে গিয়েছিলেন।

কিন্তু মেয়ে নাবালিকা গোপন সূত্রে খবর পেয়ে খানাকুল থানার পুলিশ তড়িঘড়ি শ্রীকান্তের বাড়িতে হানা দেয়। পুলিশ জানতে পারে যে সত্যি সত্যিই শ্রীকান্ত তাঁর নাবালিকা মেয়ের বিয়ের সবকিছু বন্দোবস্ত করে ফেলেছেন। পুলিশ তাঁকে জিজ্ঞাসা করে যে তাঁর মেয়ের বয়স কত। শ্রীকান্ত নিজেই জানান মেয়ের বয়স ১৭ বছর। তখন পুলিশ তাঁকে বোঝায়। বিয়ে বন্ধ করতে নির্দেশ দেয়। খানাকুলের জগন্নাথপুরের বাসিন্দা শ্রীকান্ত পেশায় দিনমজুর। অনেক কষ্ট করেই মেয়ের বিয়ের আয়োজন করেছিলেন। শ্রীকান্ত বলেন, আমি গরিব মানুষ এবিষয়ে আমি কিছুই নিয়মকানুন জানি না। তাই মেয়ের বিয়ে দিচ্ছিলাম। আমি জানতাম না যে এটা অপরাধ। মেয়ে সাবালক না হওয়া পর্যন্ত আমি আর মেয়ের বিয়ে দেব না। খানাকুল থানার পুলিশ জানিয়েছে, খবর পেয়ে হানা দেওয়া হয়। ওদের বোঝানো হয়েছে। উনারা বুঝেওছেন।

'সেফ ড্রাইভ সেভ লাইফ' সেমিনার

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলির গোঘাট ২নং ব্লকের 'সেফ ড্রাইভ সেভ লাইফ' নিয়ে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হল বেঙ্গাই অঘোরকামিনী প্রকাশচন্দ্র মহাবিদ্যালয়ে।

গোঘাট ২নং ব্লক প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই শিবিরে উপস্থিত ছিলেন গোঘাট ২নং বিডিও অরিজিৎ দাস, গোঘাট থানার এসআই সোমনাথ দে ও অজয় মণ্ডল, বেঙ্গাই কলেজের অধ্যক্ষ পরমার্থ ঘোষ এবং কলেজের এন এস এস, এন সি সি এবং সাধারণ বিভাগের ছাত্রছাত্রীরা। অনুষ্ঠানের আলোচ্য বিষয় ছিল কিভাবে ছাত্রছাত্রীরা পথে চলাচল করবে, বাইক চালানোর সময় হেলমেটের ব্যবহার ইত্যাদি।

সমবায়ের তালা ভেঙে সার চুরি

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ রাতের অন্ধকারে কে বা কারা তালা ভেঙে চুরি করে নিয়ে গেল জমিতে দেওয়া সার। ঘটনাটি ঘটেছে হুগলির তারকেশ্বর থানার পিয়াসাড়ায়। পুলিশ ও এলাকা সূত্রে দাবি, ভরা আলুর মরশুমে সারের চাহিদা প্রচুর স্টকও ছিল। এই সার পিয়াসাড়ার একটি সমবায়ে চুরি গেল। গোডাউনের তালা ভেঙে কয়েক লক্ষ টাকার রাসায়নিক সার নিয়ে চম্পট দেয় দুষ্কৃতীরা। বুধবার সকালে সমবায় খুলতে এসে দেখতে পান এক কর্মচারী। তারপরই হুলস্থুল পড়ে যায়। খবর পৌঁছায় থানায়। পরে পুলিশ পৌঁছে তদন্ত শুরু করেছে।

সহপাঠীর মৃত্যুর পর ছাত্রছাত্রীদের পথনিরাপত্তা সচেতনতা কর্মসূচী

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ বছরভর আরামবাগ মহকুমায় দুর্ঘটনা লেগেই আছে। প্রায়শই পথদুর্ঘটনায় মৃত্যু হয় যুবক থেকে বৃদ্ধ, স্কুল ছাত্র থেকে অফিসকর্মী সকলেরই। তবুও পথ নিরাপত্তা নিয়ে সাধারণ মানুষ থেকে শুরু করেরে গাড়িচালক কারও কোনও হেলদোল নেই। নিয়ম না মানাটাই এখন যেন নিয়মে পরিণত হয়েছে। হেলমেট না পরে বাইক চালানো, সিগন্যাল না মেনে পারাপার হওয়া যেন মানুষের অভ্যাসে পরিণত হয়েছে। আর তারই জেরে শনিবার হুগলির আরামবাগ বিবেকানন্দ এ্যাকাডেমির অষ্টম শ্রেণির ছাত্র রিয়াজুল ইসলামের মৃত্যু হয়েছে লরির ধাক্কায়। কিন্তু তারপরেও ট্রাফিক আইন মেনে চলার ব্যাপারে এতটুকু সচেতনতা বাড়েনি। তাই বুধবার সকাল থেকে বিবেকানন্দ এ্যাকাডেমির ছাত্রছাত্রীরা পথে নেমে সাধারণ পথচারী থেকে শুরু করে বাইক ও ট্রাক চালকদের নানাভাবে নিয়ম মানার ব্যাপারে সচেতন করল। সঙ্গে ছিলেন ওই স্কুলেরই শিক্ষক শিক্ষিকারা। এছাড়াও তাঁদের সঙ্গে হাজির ছিলেন আরামবাগ পৌরপ্রধান স্বপন নন্দী, ডাঃ জে পি মণ্ডপ প্রমুখ বিশিষ্ট নাগরিকরাও। ছাত্রছাত্রী ও শিক্ষক শিক্ষিকারা সারাদিন আরামবাগ শহরের সাতটি মোড়ে পোস্টার, ব্যানার নিয়ে এই সচেতনতা কর্মসূচী চালালেন। মাইকে করে পথচারীদের সচেতন করলেন। হেলমেটহীন বাইক চালকদের হাত জোড় করে হেলমেট পরার অনুরোধ করলেন। প্রত্যেক গাড়ি চালাককেই সিগন্যাল মেনে চলার ব্যাপারে সতর্ক করলেন। আরামবাগ বাসুদেবপুর মোড়, আরামবাগ বিবেকানন্দ মোড়, আরামবাগ বসন্তপুর মোড়, আরামবাগ নেতাজী স্কোয়ার, আরামবাগ তালতলাবাজার এবং আরামবাগ পল্লীশ্রী মোড়ে এই সচেতনতা কর্মসূচী চলে। এবিষয়ে ওই স্কুলের দুই শিক্ষিকা সুস্মিতা রায়চৌধুরী এবং সোমা চক্রবর্তী জানান, প্রত্যেক ব্যক্তিরই হেলমেট পরে বাইক চালানো উচিত। এছাড়াও চালকদের সবসময় ট্রাফিক সিগন্যাল মেনে গাড়ি চালানো দরকার। সাধারণ মানুষকেও রাস্তার পারাপারের ব্যাপারে সমস্ত নিয়মকানুন জানতে হবে। একমাত্র তাহলেই পথদুর্ঘটনা কমানো সম্ভব হবে। যারা এই নিয়ম মানবে না তাদেরকে প্রশাসনের পক্ষ থেকে জরিমানা করা দরকার বলে তাঁরা মন্তব্য করেন। অন্যদিকে আরামবাগ পৌরপ্রধান স্বপন নন্দী বলেন, সাধারণ মানুষের জীবনের নিরাপত্তার জন্যই মা মাটি মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আগেই 'সেফ ড্রাইভ সেভ লাইফ' কর্মসূচী চালু করেছেন। এব্যাপারে সাধারণ মানুষকেও সচেতন হতে হবে। নিজেদের ও পরিবারের লোকেদের স্বার্থে প্রত্যেকেই এই কর্মসূচী সফলভাবে রূপায়নের জন্য এগিয়ে আসতে হবে। একমাত্র তাহলেই দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা কমবে।

চোলাই মদ বিক্রির অভিযোগে গ্রেফতার ১

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ আবারও চোলাই মদ বিক্রির অভিযোগে পুলিশ গ্রেফতার করল এক ব্যক্তিকে। ধৃতের নাম সনাতন পন্ডিত। বাড়ি হুগলির আরামবাগের ইয়াদপুর গ্রামে। জানা গেছে, বেশ কিছুদিন ধরেই সনাতন ওই এলাকায় চোলাই মদ বিক্রি করত। গোপন সূত্রে খবর পেয়ে পুলিশ মঙ্গলবার রাতে সেখানে হানা দেয়। গ্রেফতার করে সনাতনকে। তার কাছ থেকে ৩০ লিটার চোলাই মদ উদ্ধার হয়েছে।

ক মুড়সা অঞ্চল তৃণমূল সভা পতি অরুণাংশু

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলির গোঘাট ১নং ব্লকের কুমুড়সা অঞ্চলে সভাপতি না থাকার কারণে উন্নয়নের কাজ স্তব্ধ হয়ে গিয়েছিল। তাই ব্লক সভাপতি মনোরঞ্জন পাল এবার সাংগঠনিক কাজের সুবিধার জন্য অরুণাংশু চ্যাটার্জীকে ব্লক সভাপতি মনোনীত করলেন। অরুণাংশুবাবু জানান, দল আমাকে যে দায়িত্ব দিয়েছে তা আমি অক্ষরে অক্ষরে পালন করব এবং সবাইকে নিয়ে কাজ করব।

যুবর পাশে একমাত্র সেলিম

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ সারা রাজ্যে শাসক দলের মধ্যে দুটি সংগঠন সক্রিয় হয়ে ওঠায় বিভিন্ন জায়গায় এই দুইটি সংগঠনের মধ্যে চাপানউতোর যেমন চলছে তেমনি শক্তি প্রদর্শনের তাগিদও দেখা যাচ্ছে। হুগলি জেলাও এর বাইরে নয়। উল্লেখ্য, হুগলি জেলার তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা মন্ত্রী তপন দাশগুপ্ত এবং তৃণমূল যুব কংগ্রেস সভাপতি শান্তনু বন্দ্যোপাধ্যায়ের মধ্যে যথেষ্ট সুসম্পর্ক থাকলেও নিচুতলায় যুবর সাথে মাদারের একটা ঠান্ডা লড়াই টের পাচ্ছেন সাধারণ মানুষও। জানা গেছে, আগামী ৬ ডিসেম্বর সংহতি দিবসের প্রস্তুতি সভা হিসাবে আরামবাগে যুব তৃণমূলের পক্ষ থেকে একটি সভার ডাক দেওয়া হয়েছে রবীন্দ্রভবনে। এই সভাটি হবে আগামী শনিবার অর্থাৎ ২ ডিসেম্বর। এই সভায় হাজার হাজার যুব কর্মী-সমর্থক এনে আরামবাগের তৃণমূল যুব কংগ্রেস মাদারকে দেখিয়ে দিতে চাইছে তাদের ক্ষমতা কতখানি। যদিও এপ্রসঙ্গে যুবর জেলা সভাপতি শান্তনু বন্দ্যোপাধ্যায় বলেন, আমি আরামবাগের সবাইকে নিয়ে এই সভা করতে বলেছি। তবে যেহেতু এটি তৃণমূলের যুব সংগঠনের সভা তাই এটি সংগঠিত করার জন্য প্রধান দায়িত্ব দেওয়া হয়েছে সেখ শাহিদ ইমাম (মহারাজ), পলাশ রায়, আব্দুল আজিজ খান (লাল্টু), কমল কুশারী প্রমুখ যুব নেতাদের। তবে আরামবাগে এই যুব সংগঠনের পাশে কাঁধে কাঁধ মিলিয়ে মাদার নেতৃত্বের কেউ কোনও রকম উৎসাহ না দেখালেও আরামবাগ ব্লক তৃণমূলের কার্যকরী সভাপতি সেখ সেলিম তাঁর সর্বশক্তি নিয়ে এই উদ্যোগকে সফল করতে ঝাঁপিয়ে পড়েছেন বলে সূত্র থেকে জানা গেছে। এপ্রসঙ্গে হুগলি জেলা যুব তৃণমূল কংগ্রেসের সম্পাদক মহারাজ জানান, আমাদের দলে কোথাও কোনও বিভেদ নেই। বিশেষ করে আরামবাগ মহকুমায় আমরা বরাবরই চেয়েছি মাদার ও যুব একসাথে কাজ করুক। কারণ যুবদের তারুণ্য ও কর্মক্ষমতা এবং মাদারের অভিজ্ঞতা এই দুটিই দলের সম্পদ। আশাকরি, এই প্রস্তুতি সভায় অসংখ্য যুব কর্মী-সমর্থক যোগদান করবেন। মাদারের নেতারাও আমদের সাথে থাকবেন।

কিন্তু রাজনৈতিক মহলের অভিমত, এই সভা আসলে সেখ সেলিম ও যুব নেতাদের যৌথ প্রয়াস এবং এর সাথে মাদারকে কিছুটা ধাঁশিয়ারি দিয়ে রাখা। কারণ অতীতে বহু জায়গায় মাদারের সভায় উপেক্ষিত হয়েছেন জেলা থেকে মহকুমা স্তরের যুব নেতারা। সেই উপেক্ষার জবাব দিতেই কোমর বেঁধে নেমেছেন সেলিমসহ শুরু করে মহারাজ, পলাশ, লাল্টু, কমল, কাজু প্রমুখ যুব নেতারা।

হুগলির আরামবাগ নেতাজী মহাবিদ্যালয়ের সোস্যাল ফাংশনে গান গাইছেন ফাকিরা ব্যান্ডের গায়ক তিমির বিশ্বাস। নিজস্ব চিত্র

পৌরপ্রধান খুনে দোষীদের ফাঁসির দাবি

নিজস্ব সংবাদদাতা, ভদ্রেশ্বর ঃ গত মঙ্গলবার রাতে বাড়ির কাছে রাস্তায় দুষ্কৃতীদের গুলিতে খুন হয়েছিলেন ভদ্রেশ্বর পুরপ্রধান মনোজ উপাধ্যায়। তারপর থেকেই দুষ্কৃতীদের খোঁজে কমিশনারেটের একাধিক দল বিহার ও ঝাড়খণ্ডে চলে যায়। মঙ্গলবার রাত থেকেই পুলিশ দুষ্কৃতীদের সম্ভাব্য ডেরায় হানা দিলেও কাউকে ধরা যাচ্ছিল না। অবশেষে সোমবার রাতে বারানসীর একটি লজ থেকে দুষ্কৃতীদের ধরা হয়। মঙ্গলবার ধৃতদের বারানসী সি জে এম আদালতে তোলা হলে বিচারক তাদের তিনদিনের ট্রানজিট পুলিশ রিমান্ডের নির্দেশ দেন। এরপরই তড়িঘড়ি গাড়ি ভাড়া করে বুধবার দুপুরে ধৃতদের চুঁচুড়ায় নিয়ে আসা হয়। ধৃতদের নিয়ে আসার খবর পেয়ে এদিন সকাল থেকেই চন্দননগর আদালতের সামনে তাদের ফাঁসির দাবিতে সোচ্চার হন ভদ্রেশ্বর এলাকার সাধারণ মানুষ। পাশাপাশি পুরপ্রধান খুন হওয়ার পর থেকেই উত্তপ্ত হয়ে রয়েছে ভদ্রেশ্বর এলাকা। ফলে অভিযুক্তদের নিরাপত্তার কথা মাথায় রেখে এদিন ধৃতদের চুঁচুড়া থানায় নিয়ে আসা হয়। পরে চুঁচুড়া থানায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে চন্দননগর পুলিশ কমিশনারেটের পুলিশ কমিশনার অজয় কুমার জানান, খুনের পর গাড়ি ও ট্রেনে করে অভিযুক্তরা পাটনা হয়ে উত্তরপ্রদেশের পালিয়ে যায়। বারানসীতে পরিচিত লোক থাকায় সেখানেই তারা লুকিয়ে পড়ে। এরপর মোবাইল ট্রাকিং ও ইউম্যান ইন্টেলিজেন্সকে কাজে লাগিয়ে বারানসীর বেনিয়াতলা এলাকার বাঁশতলার ভোলানাথ লজ থেকে চন্দননগর পুলিশ কমিশনারেটের এডিসিপি অতুল ভি সহ অন্যান্য আধিকারিকরা রাজ্য সিআইডি-র আধিকারিকদের এবং উত্তরপ্রদেশের সরকারের এটিএসের আধিকারিকদের সাহায্যে অভিযান চালিয়ে দুষ্কৃতীদের ধরেন। এদিন তিনি বলেন, ধৃত ৭জনের মধ্যে অভিযোগে ৩জনের নাম নেই। কিন্তু তাদের একসঙ্গে পাওয়া যাওয়ায় গ্রেফতার করা হয়েছে। ধৃতদের মধ্যে মূল অভিযুক্ত রাজু ও রতন চৌধুরী দুই ভাই। এছাড়াও ধরা হয়েছে আকাশ চৌধুরী, রাজেশ চৌধুরী, কৃষ্ণ চৌধুরী, দেবু পাকড়ে ও সন্তোষ প্রসাদ নামে আরও পাঁচজনকে। পাশাপাশি অভিযুক্ত নির্দল কাউন্সিলর রাজু সাউসহ আরও কয়েকজন পলাতকের খোঁজে তল্লাশি চলছে। অজয় কুমার বলেন, এদিন ধৃতদের জেরা করে আরও তথ্য জানার কাজ চলবে। বৃহস্পতিবার তাদের আদালতে তোলা হবে। তবে সেদিন ঠিক কে বা কারা মনোজের উপর গুলি চালিয়েছিল সেব্যাপারে পুলিশ এখনও নিশ্চিত হতে পারেনি বলেও তিনি জানান। রাজু ও রতনকে অন্য মামলাতেও পুলিশ খুঁজছিল বলে জানা গেছে।

শ্যামবাটীতে শিক্ষা বিষয়ক সেমিনার

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলি জেলার গোঘাটের কুমুড়সা গ্রাম পঞ্চায়েতের গুচ্ছ সম্পদ কেন্দ্রের পক্ষ থেকে শ্যামবাটী রামেশ্বর উচ্চ বিদ্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এই আলোচনায় প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন কামারপুকুর রামকৃষ্ণ মিশন বহুমুখী বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বামী তদবিদানন্দজী মহারাজ। এছাড়াও ছিলেন দুই এস আই শুভেন্দু কুণ্ডু ও অরিণ মুখার্জী, গোঘাট ১নং পঞ্চায়েত সমিতির সভাপতি মৃণালকান্তি আলু, সহসভাপতি মনোরঞ্জন পাল প্রমুখ। এই অনুষ্ঠানে শ্যামবাটী রামেশ্বর উচ্চ বিদ্যালয়ের সমস্ত শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রছাত্রী উপস্থিত ছিলেন। আলোচনার বিষয় ছিল 'বর্তমান শিক্ষা ও ছাত্রছাত্রীদের অভিমুখ'। এপ্রসঙ্গে উপস্থিত বক্তারা বলেন, 'ছাত্রানাং অধ্যয়নং তপঃ'। পড়াশোনাই ছাত্রছাত্রীদের মূল তপস্যা। এই তপস্যায় যদি তারা সিদ্ধিলাভ করতে পারে তাহলে তারা উন্নতির পথে অগ্রসর হবে। তিনি আরও বলেন, যে গুরুজন ও শিক্ষক-শিক্ষিকাদের শ্রদ্ধা করতে হবে। তাহলেই তারা প্রকৃত শিক্ষা লাভ করবে।

গলায় দড়ি দিয়ে আত্মহত্যা যুবকের

নিজস্ব সংবাদদাতা, পুরশুড়া ঃ মানসিক অবসাদে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করল এক যুবক। মৃতের নাম অনিমেষ সানা (২৩)। বাড়ি হুগলির পুরশুড়া থানার চিলাডাঙ্গী গ্রামে। জানা গেছে, মঙ্গলবার রাতে নিজের বাড়িতেই সে গলায় দড়ি দেয়। এরপর পরিবারের লোক বুধবার সকালে তাকে মৃত অবস্থায় দেখতে পায়। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য আরামবাগ মহকুমা হাসপাতালে পাঠায়।

জেলা বামফ্রন্টের বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, ভদ্রেশ্বর ঃ ভদ্রেশ্বর পৌরপ্রধান খুনের প্রতিবাদে চন্দননগর পুলিশ কমিশনারেটে ডেপুটেশন না নেওয়ায় বিক্ষোভ দেখানো হল জেলা বামফ্রন্টের পক্ষ থেকে। উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক শিবপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, বিশ্বজিৎ মুখোপাধ্যায়, হিরালাল সিংহ, চন্দননগর ও ভদ্রেশ্বর বামফ্রন্টের নেতা ও নেত্রীরা।

হতাশ জীবনে আশার আলো.....
জার্মান হোমিও কেয়ার
Mob.-9674533162 / 7890779979
SEX, প্রবলেম - যৌন সমস্যা
●সহবাসে অক্ষমতা ●ইন্দ্রিয় শিথিলতা ●শীঘ্র পতন ●ইন্দ্রিয় ছোট, ইন্দ্রিয় সরু ●উত্তেজনার অভাব ○স্বপ্নদোষ ●ধাতু তারল্য ●ধাতু ক্ষয় ●সিফলিস ●গনোরিয়া ●ফাইমোসিস
সহ যাবতীয় নারী-পুরুষ যৌন ও গুপ্ত রোগের সুচিকিৎসা নিন।
১০০% সুচিকিৎসা নিন
মদ, গাঁজা, ড্রাগস, সিগারেটে ও হেরোইন, টেকাসহ যাবতীয় নেশা ছাড়ানো হয়।
☆মহিলাদের বক্ষ সৌন্দর্য্য ☆যাবতীয় চুলের সমস্যার সমাধান করা হয় ☆অর্শ, ফিসচুলা, হাঁপানী, ডায়বেটিস ☆ব্রণ, চর্মরোগ, পেটের রোগ ☆রোগ থেকে মোটা-মোটা থেকে রোগা
আগে থেকে ফোনে নাম নথিভুক্ত করে আসুন।
শেওড়াফুলি (পোস্ট অফিসের পিছনে) মঙ্গল, বৃহস্পতি, শনি দুপুর ৩ টে থেকে সন্ধ্যা ৭টা, রবিবার সকাল ৯টা থেকে সকাল ১১টা
দমদম জংশন ইন্দিরা মন্দাবের বিপরীতে প্রতি সোম ও শুক্র সকাল ৯টা থেকে সন্ধ্যা ৭টা
আরামবাগ পৌরহাট মোড় তারকে শ্বর কালীবাড়ীর মাঠের পূর্বদিকে

বেড়াতে আসুন কামারপুকুরে

কামারপুকুর মঠের মেইন গেটের পাশে থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে
যোগাযোগ ঃ বাসুদেব নন্দ্য, কামারপুকুর
ফোন ঃ ৯৭৩৩৫৯৫৬৬৯

নিরোগ ডায়গনস্টিক
Ph : 03211-256950
আরামবাগ, কোর্টরোড, হুগলী Mob. 9732843677
MRI
3D Multi Slice CT Scan
Digital X-Ray
Colour Doppler
Ultrasonography
Echocardiography
2DM Mode & colour
Holter Monitor
Endoscopy
Colonoscopy
EMG
NCV
EGG
Pathology
FNAC

ইউনানী ও হার্বাল চিকিৎসাকেন্দ্র
জয় ক্লিনিক
মহিলা ও পুরুষের যে কোনও জটিল ও পুরাতন রোগ, স্ত্রীরোগ, যৌন রোগ, চর্মরোগ, গোপন রোগ, চেহারায় লাবণ্য, চুলের সমস্যা, রোগা থেকে মোটা ও মোটা থেকে রোগার সুচিকিৎসা করা হয়।
বিঃদ্রঃ– গোপনে মদ ছাড়াইবার ওষুধ দেওয়া হয়। ১০ দিনে পরিবর্তন।
ডাঃ এন কে রায়
ফোনে যোগাযোগ করুন ঃ
৯৪৩৩২৭৬১০৬/৭৫০১৩৩০২০৭/
কলিকাতা দমদম, আরামবাগ, হেড়িয়া, উদয়নারায়ণপুর, শ্যামপুর

কামারপুকুর আটমিঠাঁইয়ের ও হুগলি গ্রামীন জেলা পুলিশের যৌথ উদ্যোগে-
রাজ্যব্যাপী বসে আঁকো প্রতিযোগিতা
স্থান:- কামারপুকুর কলেজ মাঠ তারিখ:-৩১-শে ডিসেম্বর (রবিবার) ২০১৭ সময়:- দুপুর ১-৩০ মিনিট থেকে ৩টা
সহযোগিতায়- কামারপুকুর ডি.এম.বি ক্লাব
প্রতিগ্রুপে ১ম, ২য়, ৩য় স্থান ৩০ জনকে সান্ত্বনা পুরস্কার (সর্বমোট ১১টি বিভাগে প্রতিযোগিতা হবে)
সকল বিভাগের বিষয়- যেমন খুশি আঁকো
নাম জমা দেবার শেষ তারিখ ০১/১২/২০১৭ (নির্বাচিত অঙ্কন শিক্ষক অথবা-ONLINE)
বিস্তারিত জানার জন্য- ওয়েবসাইট-www.artmuseum81.org অথবা
Facebook-BASUDEB DEY/ 9735195716 ✱ M- 9735195716